**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date: 13-08-2025** **Desk in Charge : SDG**
**Time: 7-35 A.M** **Compiling : DSS**

**DEO : KB** **NR : DSS**

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১/ ভোটার তালিকায় কারচুপির অভিযোগে পাঁচ কর্মীর শাস্তির সুপারিশ কেন মানা হলো না তা’ জানতে নির্বাচন কমিশন রাজ্যের মুখ্যসচিব মনোজ পন্থকে তলব করেছে।

# আজ তাঁর দিল্লি যাওয়ার কথা।

২/ বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী অভিযোগ করেছেন, এরাজ্যে ভোটার তালিকায় সংশোধন হলে তালিকা থেকে অনেক নাম বাদ যাবে। তাই রাজ্য সরকার তাতে বাধা দিচ্ছে।

৩/ এরাজ্যে গণতন্ত্র ও আইনশৃঙ্খলা নেই, তাই নবান্ন অভিযানে অংশ নেবার জন্য দলের নেতা কর্মীদের পুলিশ তলব করছে বলে বিজেপির অভিযোগ।

# এদিকে নবান্ন অভিযানে অভয়ার মা-কে পুলিশ মারধোর করেছে, এমন কোনো ভিডিও ফুটেজ পাওয়া যায়নি বলে কলকাতা পুলিশের দাবী।

৪/ নদীয়ার কল্যাণীর আইজার-এ নতুন অ্যান্টি র‍্যাগিং সেল গঠন করা হয়েছে।

৫/ মৌসুমী অক্ষরেখার প্রভাবে উত্তরবঙ্গে আজ’ও ভারী বৃষ্টির সম্ভাবনা।

# অন্যদিকে, বঙ্গোপসাগরে ঘূর্ণাবর্তের প্রভাবে উপকূলীয় জেলাগুলিতে বৃষ্টি বাড়বে।

৬/ ডুরাণ্ড কাপ ফুটবলের কোয়ার্টার ফাইনালে আগামী রবিবার মোহনবাগান ও ইস্টবেঙ্গল, যুবভারতী ক্রীড়াঙ্গণে মুখোমুখি হবে।

*********************************************************************

ভোটার তালিকায় কারচুপির অভিযোগে পাঁচ কর্মীর শাস্তির সুপারিশ কেন মানা হলো না তা' জানানোর জন্যে নির্বাচন কমিশনের তলবে রাজ্যের মুখ্যসচিব মনোজ পন্থ-এর আজ দিল্লি যাওয়ার কথা। কমিশনের তরফে গতকাল এক নির্দেশ পাঠিয়ে আজ বিকেল পাঁচটার মধ্যে মুখ্যসচিবকে প্রয়োজনীয় নথি-সহ সশরীরে হাজিরা দিতে বলা হয়। পাশাপাশি কমিশনের প্রশ্ন, কেন এবং কোন কারণে তাদের নির্দেশ তিনি পালন করেননি বা করতে ব্যর্থ হয়েছেন তা', সরাসরি ব্যাখ্যা দিতে হবে।

উল্লেখ্য, ভোটার তালিকায় ভুয়ো নাম তোলার অভিযোগে কমিশন দুই ERO, দুই AIRO এবং এক অস্থায়ী ডেটা এন্ট্রি অপারেটরের বিরুদ্ধে সাসপেনশন ও FIR-এর নির্দেশ দেয়। প্রথম নির্দেশ কার্যকর না হওয়ায় দ্বিতীয়বার সময় বেঁধে চিঠি পাঠানো হলেও রাজ্য সরকার শুধুমাত্র একজন AIRO এবং ওই ডেটা এন্ট্রি অপারেটরকে ভোট সংক্রান্ত কাজ থেকে অব্যাহতি দেয়। বাকি তিনজনের বিরুদ্ধে প্রশাসনিক তদন্তের সিদ্ধান্ত হয়েছে বলে কমিশনকে জানানো হয়। সরকারের এই ব্যাখ্যায় কমিশন সন্তুষ্ট নয় বলে মনে করা হচ্ছে।

জানা গেছে, কমিশনের নির্দেশ মত ওই ঘটনার তদন্ত করতে মুখ্যসচিবের নির্দেশে স্বরাষ্ট্র দফতরের এক সিনিয়র আধিকারিকের নেতৃত্বে তিন সদস্যের তদন্ত কমিটি গঠন করা হয়েছে। তদন্তের স্বার্থে অভিযুক্ত ERO, AIRO এবং ডেটা এন্ট্রি অপারেটরকে তলব করা হবে।

**********************

বিহারে ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন কর্মসূচী-SIR সংক্রান্ত মামলায় সুপ্রিম কোর্ট-এর পর্যবেক্ষণ, আধার কার্ড নাগরিকত্বের প্রমাণ হতে পারেনা। আলাদা করে নাগরিকত্ব যাচাই করা প্রয়োজন বলে শীর্ষ আদালতের দুই বিচারপতি সূর্যকান্ত ও জয়মাল্য বাগচির ডিভিশন বেঞ্চ গতকাল অভিমত প্রকাশ করেন। আজ আবারো এই মামলার শুনানি হবে।

উল্লেখ্য, নির্বাচন কমিশন আধারকে নাগরিকত্বের প্রমাণ হিসেবে ধরার ক্ষেত্রে তাদের আপত্তির কথা জানিয়েছিল।

**********************

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেছেন, বিহারের মতো এরাজ্যেও ভোটার তালিকা বিশেষ নিবিড় সংশোধন কর্মসূচী হবে। এই তালিকা সংশোধনের পর বহু বাংলাদেশী মুসলমান ও রোহিঙ্গাদের নাম তালিকা থেকে বাদ যাবে। সে কারণেই তৃণমূল কংগ্রেস ভয় পেয়ে ভোটার তালিকা সংশোধনের কাজ আটকাতে চাইছে বলে শ্রী অধিকারী দাবী করেন। তিনি গতকাল পশ্চিম বর্ধমানের দুর্গাপুর-ফরিদপুর ব্লকের গোগলা এলাকায় 'কন্যা সুরক্ষা অভিযান' কর্মসুচীতে যোগদানের পর এক জনসভায় একথা বলেন।

( বাইট- শুভেন্দু )

পানশিউলি মোড় থেকে মাদারবনী পর্যন্ত ওই পদযাত্রায় সামিল হয়ে শুভেন্দুবাবু বিভিন্ন ইস্যুতে রাজ্য সরকারের সমালোচনায় সরব হন। এরাজ্যের শিক্ষকদের চাকরী, মহিলাদের নিরাপত্তা, কোনো কিছুই নেই বলে তাঁর অভিযোগ। ভোটার তালিকা ও নির্বাচনের সময় গণনাকেন্দ্রেও কারচুপি করা হয়েছে বলে তিনি দাবী করেন।

এর আগে বর্ধমানের রবীন্দ্র ভবনে দলীয় কার্যকর্তাদের নিয়ে এক বৈঠকে বিজেপি নেতা অভিনেতা মিঠুন চক্রবর্তী স্পষ্ট বলেন, রাজ্যে SIR হবেই।

**********************

বাংলাদেশী নাগরিককে আধার কার্ড বানিয়ে দেবার অভিযোগে জলপাইগুড়ির খড়িবাড়ি থানার পুলিশ এক ব্যাঙ্ক কর্মীকে গ্রেপ্তার করেছে। ধৃতের নাম সৌমেশ বর্মণ।

পুলিশ জানিয়েছে, ভারত-নেপাল সীমান্তের পানিট্যাঙ্কি এলাকা থেকে মোহন্ত বর্মন নামে এক বাংলাদেশীকে গ্রেপ্তার করা হয়। তাকেই আধার কার্ড বানিয়ে দিয়েছিলেন ব্যাঙ্ক কর্মী সৌমেশ।

**********************

৭৯-তম স্বাধীনতা দিবসের প্রাক্কালে চলছে ঘরে ঘরে তেরঙ্গা কর্মসূচি। অর্থনৈতিক এবং রাজনৈতিক এই কঠিন সময়ে বিশ্বের কাছে ভারতের ঐক্য তুলে ধরতে কেন্দ্রীয় সরকার এমাসের দুই থেকে পনের তারিখ পর্যন্ত 'ঘরে ঘরে তেরঙ্গা' অভিযান শুরু করেছে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এই কর্মসূচি উৎসাহের সঙ্গে পালন করতে জনগণের প্রতি আহ্বান জানিয়েছেন।

একটি প্রতিবেদন- ( ভিসি- কাশফিন )

**********************

৭৯-তম স্বাধীনতা দিবসের প্রাক্কালে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আগামীকাল জাতির উদ্দেশে ভাষণ দেবেন। সন্ধ্যে সাতটা থেকে আকাশবাণীর সবক'টি কেন্দ্র ও প্রচার তরঙ্গে রাষ্ট্রপতির ভাষণ হিন্দি ও ইংরেজীতে সম্প্রচারিত হবে। রাষ্ট্রপতির ভাষণের বাংলা অনুবাদ শোনা যাবে রাত সাড়ে ৯'টায়। এর প্রেক্ষিতে আকাশবাণীর কিছু সংবাদ বুলেটিনের সময়সূচীর পরিবর্তন করা হয়েছে। আকাশবাণী কলকাতার সন্ধ্যে ৭'টা ৩৫ মিনিটের জাতীয় সংবাদ প্রচারিত হবে রাত আটটায়, স্থানীয় সংবাদের পর। FM রেনবো প্রচার তরঙ্গে সন্ধ্যে ৭'টা ও রাত ৮'টার হেডলাইন আগামীকাল বাতিল থাকছে। সন্ধ্যে সাড়ে ৭'টায় গীতাঞ্জলী প্রচার তরঙ্গের সমীক্ষা'ও আগামীকাল প্রচারিত হবেনা।

স্বাধীনতা দিবসে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী লালকেল্লার প্রাকার থেকে জাতির উদ্দেশে ভাষণ দেবেন। সকাল ৭'টা থেকে প্রচারিত হবে এই ভাষণ। এর প্রেক্ষিতে FM রেনবোয় সকাল ৭'টা, ৮'টা ও ৯'টার হেডলাইন ঐদিন বাতিল করা হয়েছে। প্রধানমন্ত্রীর ভাষণ শেষ না হওয়া পর্যন্ত কোন সংবাদ বুলেটিন'ও প্রচারিত হবে না। প্রধানমন্ত্রীর ভাষণের বাংলা অনুবাদ প্রচারিত হবে রাত সাড়ে ৯'টায়।

অন্যদিকে, স্বাধীনতা দিবসে রাজ্যপাল সিভি আনন্দ বোস রাজ্যবাসীর উদ্দেশে ভাষণ দেবেন।

এর প্রেক্ষিতে FM রেনবোয় রাত ৮'টার হেডলাইন'ও ১৫'ই আগস্ট প্রচারিত হবে না।

**********************

বিজেপি অভিযোগ করেছে, রাজ্যে গণতন্ত্র নেই বলেই নবান্ন অভিযানে অংশ নেওয়ার জন্য দলের নেতা, বিধায়কদের পুলিশ তলব করেছে। দলের রাজ্য সভাপতি, রাজ্যসভার সাংসদ শমীক ভট্টাচার্য গতকাল দিল্লিতে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে বলেন,রাজ্যে আইনশৃঙ্খলা নেই, মানুষের গণতান্ত্রিক ও মৌলিক অধিকারগুলিকে সরকার

বাজেয়াপ্ত করেছে। নবান্ন চলো অভিযান মানুষের স্বতঃস্ফূর্ত আন্দোলন এবং গণপ্রতিবাদ ছিল। মানুষ নৈরাজ্যের রাজ্যে বাস করছেন বলেও শ্রী ভট্টাচার্য-এর দাবি ।

( বাইট-শমীক )

এদিকে, নবান্ন অভিযানে অভয়ার মা-কে পুলিশ মারধোর করেছে, এমন কোনো ভিডিও ফুটেজ পাওয়া যায়নি বলে, কলকাতা পুলিশ দাবী করেছে। পুলিশের তরফে ভিডিও ফুটেজ দেখিয়ে বলা হয়, অভয়ার মা আহত হয়েছেন, তা দুঃখজনক। গতকাল তিনি কিভাবে আহত হলেন তা খতিয়ে দেখা হচ্ছে। কিন্তু এখনো পর্যন্ত যত ভিডিও ফুটেজ পর্যালোচনা করা হয়েছে তাতে এখনো পর্যন্ত কোথাও প্রমাণ পাওয়া যায়নি যে তাঁকে পুলিশ মারধর করেছে। সংবাদমাধ্যম এবং সাধারণ মানুষের কাছে এধরণের ভিডিও থাকলে তাদের পুলিশ এর সঙ্গে যোগাযোগ করতে অনুরোধ করা হয়েছে। নবান্ন অভিযানের পরিপ্রেক্ষিতে লালবাজারে সাম্প্রতিক ঘটনায় জড়িত থাকার অভিযোগে ৬ জনকে চিহ্নিত করে নোটিস দেওয়া হয়েছে। কলকাতা পুলিশের ভারপ্রাপ্ত গোয়েন্দা প্রধান রূপেশ কুমার গতকাল এক সাংবাদিক সম্মেলনে একথা জানিয়ে বলেন, এপর্যন্ত ৬' টি মামলা দায়ের করেছে পুলিশ ।

( বাইট- রূপেশ কুমার )

এদিকে, কলকাতা পুলিশের যুগ্ম কমিশনার সদর মিরাজ খালিদ ওই সাংবাদিক সম্মেলনে জানান, পাঁচ পুলিশ আহত হন। মিছিল রাণী রাসমণি অ্যাভেনিউ-এর দিকে না গিয়ে পার্ক স্ট্রিটের দিকে যেতে গেলে কিড স্ট্রিট এবং পার্ক স্ট্রিট-এ তাদের বাধা দেওয়া হয়।

**********************

RG KAR খুন ও ধর্ষণ মামলায় ন্যায়বিচারের দাবিতে নবান্ন অভিযানের সময় অভয়ার মায়ের উপর পুলিশি নিগ্রহের অভিযোগ তুলে তার পরিবারের পক্ষ থেকে লালবাজারে FIR দায়ের করা হয়েছে। অভয়ার বাবা গতকাল সাংবাদিকদের একথা জানান।

**********************

‘অভয়া মঞ্চ’, কোনো রাজনৈতিক দলের সংগঠন নয়। সমস্ত রকম দলীয় রাজনীতির উর্দ্ধে উঠে চিকিৎসক সহ সমাজের বিভিন্ন স্তরের প্রতিবাদী মানুষ ও সংগঠনকে নিয়েই এই মঞ্চ তৈরি করা হয়েছে। অভয়ার ন্যায় বিচার সুনিশ্চিত করা এবং আর যেন কোন অভয়া না হয় সেই লড়াই চালিয়ে যাওয়া এই মঞ্চের প্রধান লক্ষ্য বলে ওই বিবৃতিতে উল্লেখ করা হয়।

**********************

র‍্যাগিং প্রতিরোধে নতুন পদক্ষেপ গ্রহণ করল নদীয়ার কল্যাণীর ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ সায়েন্স এন্ড এডুকেশন রিসার্চ- আইজার। ন্যাশনাল অ্যান্টি র‍্যাগিং ডে’র দিন গতকাল একটি প্রেস বিজ্ঞপ্তি প্রকাশ করে আইসারের তরফে কলকাতার একজন অধ্যাপকের নেতৃত্বে অ্যান্টি রেগিং সেল গঠন করা হয়েছে।

উল্লেখ্য, অ্যান্টি রেগিং সম্পর্কিত সমস্ত বিষয়ের সমাধান এবং তত্ত্বাবধান করবে ওই সেল।

**********************

হিমালয়ের পাদদেশ ঘেঁষে বিস্তৃত মৌসুমি অক্ষরেখার প্রভাবে উত্তরবঙ্গে আজ পর্যন্ত ভারী বৃষ্টির সম্ভাবনা। এদিকে, দক্ষিণ বিহার ও উত্তর ওড়িশার ওপর দিয়ে বিস্তৃত অক্ষরেখা এবং মধ্য বঙ্গোপসাগরের ওপর সৃষ্ট ঘূর্ণাবর্তের প্রভাবে পশ্চিম মধ্য এবং উত্তর পশ্চিম বঙ্গোপসাগরে আজ একটি নিম্নচাপ অঞ্চল তৈরি হওয়ার সম্ভাবনা রয়েছে। এর ফলে আজ থেকেই উপকুলীয় জেলাগুলিতে বৃষ্টির পরিমাণ বাড়বে।

মৎস্যজীবীদের আজ থেকে শনিবার ১৬ তারিখ পর্যন্ত পশ্চিম-মধ্য ও উত্তর বঙ্গোপসাগর এবং ওড়িশা উপকূল বরাবর সাগরে না যাওয়ার পরামর্শ দেওয়া হয়েছে।

**********************

নিরাপত্তার কারণে শিলিগুড়ির করনেশন সেতু থেকে চিত্রে পর্যন্ত ১০ নম্বর জাতীয় সড়কের ৩০ কিলোমিটার অংশে গতকাল রাত ৮টা থেকে সব ধরনের যান চলাচল বন্ধ রাখা হয়েছে। তা চলবে ১৫ ই আগসট সন্ধ্যা ৬টা পর্যন্ত।

**********************

১৩৪-তম ডুরাণ্ড কাপ ফুটবলের কোয়ার্টার ফাইনালে চিরপ্রতিদ্বন্দ্বী মোহনবাগান ও ইস্টবেঙ্গল মুখোমুখি হবে।

**************************************************************